

বাংলাদেশ হাই কমিশন
লন্ডন

নং-বিএইচসি(লন্ডন)/প্রেস-১/২০১০/
২০১০

তারিখ : ০৩-০২-

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ থেকে যুক্তরাজ্যে সাম্প্রতিক বছরগুলোতে পড়তে আসা শিক্ষার্থীদের সমস্যার সমাধান কল্পে লন্ডনস্থ বাংলাদেশ হাই কমিশন বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। এরই অংশ হিসেবে ০৩-০২-২০১০ তারিখ বুধবার সকালে উপ-হাই কমিশনার এম. আল্লামা সিদ্দীকী এবং মিনিষ্টার(প্রেস) রাশেদ চৌধুরী যুক্তরাজ্যের ফরেন ও কমনওয়েলথ-এর পরিচালক(দক্ষিণ এশিয়া) এড্ডু পেট্রিক ও তাহার সহকর্মীদের সাথে বিস্তারিত আলোচনা করেন। তাঁরা সাক্ষাৎকালে বৃটিশ কর্মকর্তাদের নিকট উদ্ভূত পরিস্থিতিতে কলেজ বন্ধ হয়ে যাওয়ায় হাজার হাজার শিক্ষার্থীর শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়ার বিষয়টি বিশদভাবে তুলে ধরেন। তাঁরা আরোও উল্লেখ করেন যে, কোন রূপ আগাম সতকর্তা না থাকায়, ছাত্র/ছাত্রীরা প্রয়োজনীয় প্রস্তুতি নিতে পারেনি এবং সকল নিয়ম মেনে যুক্তরাজ্যে পড়া লেখা করতে এসে এক বিপর্যস্ত অবস্থায় পড়েছেন। বৃটিশ কর্মকর্তারা যথাযথ কর্তৃপক্ষের সাথে বিষয়টি তুলে ধরে এ সমস্যা নিরসনের বিষয়ে আলোচনা করবেন বলে আশ্বাস দেন।

এর আগে গত সপ্তাহে বাংলাদেশী ছাত্র/ছাত্রীদের একটি প্রতিনিধিদল হাই কমিশনার ড. এম. সাইদুর রহমান খানের সাথে তাঁর অফিস কক্ষে সাক্ষাৎ করেন। হাই কমিশনার তাদের বক্তব্য মনোযোগসহ শোনেন এবং যথাযথ পদক্ষেপ নেয়ার আশ্বাস প্রদান করেন। উল্লেখ্য হাই কমিশন সরকারকে বিষয়টি বিশদ অবহিত করেছে এবং লন্ডনস্থ বাংলাদেশ স্টুডেন্টস এসোসিয়েশনের সাথে নিয়মিত যোগাযোগ রাখছে।

(রাশেদ চৌধুরী)
মিনিষ্টার(প্রেস)